

HPV (এইচপিভি) পরীক্ষা

নারীদের জন্য তথ্য

HPV (এইচপিভি) কি ?

HPV হলো 'হিউম্যান প্যাপিলোমা ভাইরাস' (Human Papilloma Virus) নামের একটা রোগজীবাণু।

HPV একটা অতি সাধারণ সংক্রমণ। অধিকাংশ নারীই তাদের জীবনের কোন না কোন সময়ে এই রোগজীবাণুর দ্বারা সংক্রমিত হয়ে থাকে। বেশীর ভাগ ক্ষেত্রেই এর জন্য কোন চিকিৎসার দরকার হয় না এবং শরীর নিজে থেকেই এটার প্রকোপ দূর করতে পারে।

বহু ধরনের HPV আছে এবং এদের অধিকাংশই ক্ষতিকর নয়। কয়েক ধরনের রোগজীবাণু 'সার্ভাইক্যাল অ্যাবনর্মালাইটি', অর্থাৎ গর্ভাশয়ের অস্বাভাবিকতার কারণ হতে পারে। এগুলি 'উচ্চ ঝুঁকিসম্পন্ন' HPV হিসাবে পরিচিত। চিকিৎসা না করা হলে এইসব অস্বাভাবিকতা থেকে কালক্রমে গর্ভাশয়ের ক্যান্সার রোগ হতে পারে। তবে, রোগজীবাণু শরীর থেকে দূর হয়ে যাওয়ার সাথে সাথে গর্ভাশয়ের অস্বাভাবিকতাও দূর হয়ে যায়। কিছু নারীর ক্ষেত্রে তাদের শরীর থেকে রোগজীবাণু সহজে বার হয়ে যায় না এবং এইসব নারীদের নানা রকম গর্ভাশয়ের অস্বাভাবিকতা (CIN) সৃষ্টি হওয়ার ঝুঁকি থাকে যাদের জন্য চিকিৎসার দরকার হতে পারে।

লোকজনের HPV কিভাবে হয় ?

যে'সব লোক কোন সময়ে বেশ সক্রিয় যৌন জীবনযাপন করেছে তাদের ক্ষেত্রে HPV খুবই সাধারণ সংক্রমণ। পুরুষ ও নারীদের মধ্যে এবং একই লিঙ্গের পার্টনার বা জীবনসার্থীদের মধ্যে যৌনসঙ্গমের সময়ে HPV সহজেই একজনের শরীর থেকে আরেকজনের শরীরে চলে যেতে পারে। যেহেতু এই রোগজীবাণুর কোন চাক্ষুস লক্ষণ নেই, এটা সম্ভব যে :

কোন লোকের মধ্যে এই সংক্রমণ বহু বছর ধরেই রয়েছে কিন্তু সে তা জানে না।

একজন পার্টনার বহু বছর আগেই সংক্রমিত হয়ে থাকতে পারে এবং সেও জানতে পারেনি।

আমার HPV পরীক্ষা করা হতে পারে কেন ?

'বর্ডারলাইন' অথবা 'মাইন্ড ডিস্কার্যারীওসিস্' আছে এমন নারীদের HPV পরীক্ষা

যে'সব নারীর স্ক্রীনিং বা গর্ভাশয় পরীক্ষার ফলাফলে এমন কিছু অস্বাভাবিকতা ধরা পড়ে যাকে 'বর্ডারলাইন' বা প্রাস্তিক অথবা 'মাইন্ড' বা হালকা ধরনের 'ডিস্কার্যারীওসিস্' (dyskaryosis) সংক্রমণ বলা যায়, তাদের কাছ থেকে সংগৃহীত নমুনার HPV পরীক্ষা করা হবে।

যে'সব নারীর বর্ডারলাইন অথবা হালকা ধরনের ডিস্কার্যারীওসিস্ সংক্রমণ হয়েছে তাদের মধ্যে চিকিৎসার প্রয়োজন হতে পারে এমন ধরনের কোন উল্লেখযোগ্য অস্বাভাবিকতা ধরা পড়ার সম্ভাবনা কেবল 15-20%। এ'সব ক্ষেত্রে HPV পরীক্ষা জরুরী কারণ যে নারীদের চিকিৎসার প্রয়োজন হতে পারে তাদের শনাক্ত করার এটা একটা কার্যকর পদ্ধতি।

কোন নারীর শরীরে যদি HPV'র অস্তিত্ব ধরা পড়ে তাকে 'কলপোস্কোপী' (Colposcopy) পরীক্ষার জন্য ডাকা হবে। কলপোস্কোপী হলো গর্ভাশয় অত্যন্ত সতর্কভাবে পরীক্ষা করার একটা পদ্ধতি যা থেকে বোঝা যায় কোন চিকিৎসার দরকার আছে কি না। যদি চিকিৎসার দরকার হয় তাহলে ঐ নারীকে সাধারণতঃ হাসপাতালের বহির্বিভাগেই দেখা হবে যার অর্থ হলো যে তার রাতে হাসপাতালে থাকার দরকার হবে না।

যে'সব নারীর CIN'এর জন্য চিকিৎসা হয়েছে তাদের HPV পরীক্ষা

CIN'এর জন্য চিকিৎসা হওয়ার পর যে'সব নারীর স্ক্রীনিং পরীক্ষার ফলাফল স্বাভাবিক হবে তাদের কাছ থেকে সংগ্রহ করা নমুনার HPV পরীক্ষা করা হবে। পরীক্ষায় যদি HPV না পাওয়া যায়, ঐ নারীদের আগামী তিন বছরের আগে আর কোন স্ক্রীনিং-এর জন্য ফিরে আসার দরকার হবে না।

স্ক্রীনিং-এর ফলাফলে যদি HPV'র অস্তিত্ব ধরা পড়ে তাহলে ঐ নারীদের আবার কলপোস্কোপী করার জন্য ডাকা হবে এবং তার জের ধরে তাদের জন্য স্বাভাবিক প্রক্রিয়া অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

HPV পরীক্ষা কিভাবে করা হয় ?

স্ক্রীনিং-এর সময়ে সংগ্রহ করা কিছু 'সেল' বা জীবকোষের নমুনা ব্যবহার করে' এই পরীক্ষা করা হয়, সূতরাং দ্বিতীয়বার পরীক্ষা করানোর জন্য সংশ্লিষ্ট নারীদের ফিরে আসার দরকার হয় না। সমস্ত নমুনা পরীক্ষা করা হয় ল্যাবোরেটরীতে এবং তার ফলাফল পরীক্ষিত নারীদের লিখিতভাবে জানিয়ে দেওয়া হয়।

আরো বিস্তারিত তথ্য আমি কোথায় পাবো ?

HPV পরীক্ষা সম্পর্কে অথবা এই ফ্যাক্টশীট বা তথ্যপত্রে অন্য যে'সব বিষয় উল্লেখ করা হয়েছে তাদের যে কোনোটা সম্পর্কে যদি আপনি আরো বিস্তারিত জানতে চান, আপনার প্র্যাক্টিস্ নার্স-এর সঙ্গে কথা বলতে পারেন, অথবা www.cancerscreening.nhs.uk ওয়েবসাইট-এ এনএইচএস্ ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রামস্ (NHS Cancer Screening Programmes) দেখতে পারেন।